তারিখ 08 JUN 2015
পৃষ্ঠা ১৭ কলাম 2

সমকাল

# ইউজিসি পিপলস ইউনিভার্সিটিকে দায়মুক্তি দিয়েছে

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি 'দি পিপলস ইউনিভার্সিটি অব বাংলাদেশ'-এর ওপর এর আগে আরোপিত সব ধরনের নিষেধাজ্ঞা বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) প্রত্যাহার করে নিয়েছে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

গতকাল রোববার এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। রাজধানীর আসাদ এভিনিউতে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে আয়োজিত এ সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন পিপলস ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি সিরাজুল ইসলাম মোল্লা এমপি, উপাচার্য অধ্যাপক ড. মো. আবদুল মান্নান চৌধুরী ও রেজিস্ট্রার মোহাম্মদ মোফাক্কের।

সিরাজুল ইসলাম মোল্লা এমপি বলেন, এ বিশ্ববিদ্যালয়ের নামে চলা সকল আউটার ক্যাম্পাস বন্ধ করা হয়েছে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন ২০১০ অনুসারে অবশ্য পালনীয় শর্ত পূরণ করা হয়েছে। ৫ কোটি টাকার স্থায়ী আমানত ব্যাংকে গচ্ছিত রাখা হয়েছে। স্থায়ী ক্যাম্পাসের জন্য জমি কেনা ও অবকাঠামো নির্মাণের উদ্যোগও নেওয়া হয়েছে।